# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

**পৌরনীতি ও সুশাসন প্রথম পত্র** বিষয় কোড: | ২ | ৬ | ৯ |

**সময় — ২ ঘন্টা ৩০ মিনিট** **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** মারুফ সাহেব নির্বাচন চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন সত্য। কিন্তু নাগরিক ও নাগরিক অধিকার সম্পর্কে তার যথেষ্ট জ্ঞান না থাকার কারণে চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালনে যথেষ্ট সমস্যার সম্মুখীন হন।

ক. পৌরনীতি কী? ১

খ. 'পৌরনীতি একটি অন্যতম সামাজিক বিজ্ঞান'— উক্তিটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের মারুফের বাস্তবজীবনে উক্ত বিষয় কতটা গুরুত্বপূর্ণ— ব্যাখ্যা করো। ৩

ঘ. 'আদর্শ চেয়ারম্যান হওয়ার জন্য মারুফ সাহেবের কী করা উচিত? এবং কেন? যথার্থতা বিচার করো। ৪

**২.▶** জহিরের চাচা সুইজারল্যান্ডের একটি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক হিসাবে কর্মরত রয়েছেন। দীর্ঘ বহু বছর পর দেশে ফিরে এসে এখানকার নিয়মকানুন মানতে তার খুব অসুবিধা মনে হয়। তাই পদে পদে তার সমস্যা হচ্ছে।

ক. সুশাসন কী? ১

খ. স্বচ্ছতা বলতে কী বুঝ? ২

গ. পৌরনীতি ও ইতিহাসের সম্পর্ক কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'বর্তমানে পৌরনীতি স্থানীয়, জাতীয় বিষয় পেরিয়ে আন্তর্জাতিক পরিমণ্ডলে বিস্তৃতি লাভ করেছে।' উক্তিটি যথার্থতা বিচার করো। ৪

**৩.★** পৃথিবীর সব কিছুই একটি নির্দিষ্ট নিয়মে পরিচালিত হয়। চন্দ্র, সূর্য যেমন প্রাকৃতিক নিয়মে চলে, সমাজ, রাষ্ট্র পরিচালনায় একটি নির্দিষ্ট বিধি-বিধান রয়েছে। মোট কথা কেউ নিয়মের ঊর্ধ্বে নয়। আইন মান্য করার মধ্যেই অন্যের স্বাধীনতা সুরক্ষিত হয়।

ক. আইন কী? ১

Teachingbd24.com

https://teachingbd24.com

খ. আইনের উৎস কয়টি ও কী কী? ২
গ. আইনের তিনটি উৎসের বর্ণনা দাও। ৩
ঘ. স্বাধীনতার রক্ষাকবচগুলো উল্লেখ করো। ৪

৪.▶ সেন্টার ফর পলিসি ডায়ালগের এক সেমিনারে রাকিব ও সাকিব অংশ গ্রহণ করে জানতে পারল যে, বাংলাদেশে ই-গভর্নেন্সের যাত্রা শুরু হয়েছে। তবে এ জন্য বহু বাধা অতিক্রম করতে হচ্ছে। সেমিনারে মূল প্রবন্ধে উপস্থাপক ই-গভর্নেন্সের প্রতিবন্ধকতা দূর করার উপায়গুলো নির্দেশ করেন।


ক. ই-গভর্নেন্স বলতে কী বুঝ? ১
খ. ই-গভর্নেন্সের সুবিধাগুলো কী কী? ২
গ. বাংলাদেশ ই-গভর্নেন্সে কী কী ধরনের প্রতিবন্ধকতার সম্মুখীন হচ্ছে। ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের আলোকে ই-গভর্নেন্সের প্রতিবন্ধকতা দূর করার উপায়সমূহ ব্যাখ্যা করো। ৪

Teachingbd24.com

৫.✪ শ্রেণিকক্ষে আইনসভা নিয়ে আলোচনা করছিলেন বিষয় শিক্ষক। তিনি বলেন, একটি দেশের আইনসভার সদস্যদের দক্ষতার ওপর নির্ভর করে শাসন বিভাগের সাফল্য। তাই গণতান্ত্রিক ও উন্নয়নমুখী রাষ্ট্রে আইনসভার গুরুত্ব অপরিসীম।

ক. আইনসভা কী? ১
খ. আইনসভা কত প্রকার ও কী কী? ২
গ. আইনসভার শাসনসংক্রান্ত কাজ ও শাসন বিভাগের নিয়ন্ত্রণ সংক্রান্ত কাজের গুরুত্ব বর্ণনা করো। ৩
ঘ. গণতান্ত্রিক শাসনব্যবস্থায় আইন সভার ভূমিকা বর্ণনা পূর্বক দেখাও যে, জনকল্যাণে আইনসভার গুরুত্ব সবচেয়ে বেশি। ৪

৬.▶ নিচের ছকটি দেখ ও উত্তর দাও:



ক. গণতন্ত্রের সংজ্ঞা দাও। (আব্রাহাম লিংকনের) ১
খ. গণতন্ত্র কয় প্রকার ও কী কী? ২
গ. 'A' চিহ্নিত স্থানে উপযুক্ত বিষয়টি কী? একনায়কতন্ত্রের সাথে এ শাসন 'A' শাসনটি পরস্পরবিরোধী— ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত শাসনের 'A' চিহ্নিত সফলতার পূর্বশর্তগুলো মূল্যায়ন করো। ৪

৭.★ সমরেশ চট্টোপাধ্যায় সরকারি কর্মকমিশনের মাধ্যমে সদ্য প্রশাসনিক ক্যাডারে যোগদান করেছেন। পিএ.টি.সিতে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণের সময় তিনি সরকারি চাকরির গুরুত্ব অনুধাবন করতে সক্ষম হন এবং মনে মনে প্রতিজ্ঞা করেন যে, যেকোনো ত্যাগের বিনিময়ে তিনি দেশপ্রেমে অবিচল হয়ে কাজ করবেন।

ক. দেশপ্রেম কী? ১
খ. আমলাতন্ত্র বলতে তুমি কী বুঝ? ২
গ. আমলাতন্ত্রের বৈশিষ্ট্যগুলো বর্ণনা করো। ৩
ঘ. বাংলাদেশে আমলাতান্ত্রিক যে সমস্যা বিদ্যমান তা উল্লেখপূর্বক ব্যাখ্যা করো। ৪

৮.★ শ্রেণিকক্ষে জনমত নিয়ে আলোচনা প্রসঙ্গে বিষয় শিক্ষক বললেন যে, আধুনিককালে প্রত্যেক রাষ্ট্রের সরকার জনমতকে প্রাধান্য দিয়ে থাকে। জনমত হলো সরকার ও বিরোধী দলের জনপ্রিয়তা জনমত ও সমর্থনের ব্যারোমিটার। সাবিনা দাঁড়িয়ে প্রশ্ন করল, জনমতের জন্য সংখ্যা গরিষ্ঠের মত হওয়া প্রয়োজন আছে কী?

ক. জনমত কী? ১
খ. জনমতের বৈশিষ্ট্য বর্ণনাগুলো কী কী? ২
গ. 'জনমত হলো সরকার ও বিরোধী দলের জনপ্রিয়তা ও জনসমর্থনের ব্যারোমিটার।' বিশ্লেষণ করো। ৩
ঘ. 'জনমতের জন্য সংখ্যাগরিষ্ঠের মতামত হওয়া যথেষ্ট?' বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৯.▶ পৌরনীতি ক্লাস নিচ্ছিলেন মি. রফিক। তিনি বললেন সরকারের দুটি অংশ আছে একটি রাজনৈতিক অংশ, অপরটি অরাজনৈতিক অংশ। আমি আজ অরাজনৈতিক অংশটি নিয়ে আলোচনা করব। এরপর তিনি আলোচনা শুরু করেন।

ক. আমলাতন্ত্রের ইংরেজি প্রতিশব্দ কী? ১

খ. আমলাতন্ত্রের কয়েকটি বৈশিষ্ট্য উল্লেখ করো। ২

গ. আমলাতন্ত্রের কাজটি কী কী ব্যাখ্যা করো। ৩

ঘ. 'দেশ ও জনগণের কল্যাণ নিশ্চিত করতে হলে রাজনীতি নিরপেক্ষ আমলাতন্ত্রের বিকল্প নেই।' আলোচনা করো। ৪

১০.★ অং সান সুচি একজন রাজনৈতিক নেত্রী। তিনি অতি সহজেই তার প্রজ্ঞা, দূরদর্শিতার মাধ্যমে জনগণকে আকৃষ্ট করতে পারেন এবং জনগণ তাকে অন্ধভাবে বিশ্বাস করে। বিশেষ করে তার বক্তব্য ও ব্যক্তিত্ব জনগণকে বেশ উজ্জীবিত করে।

ক. রাজনৈতিক দল কী? ১

খ. রাজনৈতিক সংস্কৃতি বলতে কী বুঝ? ২

গ. রাজনৈতিক দল ও উপদলের মধ্যে কি কোন পার্থক্য রয়েছে। যদি থাকে উল্লেখ করো। ৩

ঘ. গণতান্ত্রিক রাষ্ট্রে রাজনৈতিক দলের কার্যাবলি ব্যাখ্যা করো। ৪

১১.▶ মি. জন নিয়মিত সংবাদপত্র পাঠ করেন। তার মতো অসংখ্য লোক সংবাদপত্রের মাধ্যমে একই বিষয় পাঠ করলে। তাদের মধ্যে ওই বিষয়ে একটি অভিন্ন মত গড়ে ওঠে। সে মত হয় যুক্তিযুক্ত ও কল্যাণকামী।

ক. জনমত কী? ১

খ. জনমতের দুটি বৈশিষ্ট্য লেখ। ২

গ. জনমত গঠনের বাহনগুলো বর্ণনা করো। ৩

ঘ. 'গণতন্ত্র জনগণের সম্মতির ওপর প্রতিষ্ঠিত' উক্তিটির যথার্থতা বিচার করো। ৪

teachingbd24.com

# পৌরনীতি ও সুশাসন প্রথম পত্র বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ২ | ৬ | ৯ |

সময় — ৩০ মিনিট　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ★ চাপসৃষ্টিকারী গোষ্ঠী কিসে সহায়ক?
ক সরকার গঠন　খ সুশাসন
গ আইন প্রণয়ন　ঘ নির্বাচন

২. নেতৃত্ব রাষ্ট্র পরিচালনার একটি কী?
ক কৌশল　খ বৈশিষ্ট্য
গ শর্ত　ঘ উপাদান

৩. লেনিন সর্বপ্রথম সমাজতন্ত্রের প্রবর্তন করেন কোন দেশে?
ক চীনে
খ ব্রিটেনে
গ সোভিয়েত রাশিয়াতে
ঘ কিউবায়

৪. আমলাতন্ত্র কোন ধরনের নেতৃত্ব?
ক রাজনৈতিক　খ প্রশাসনিক
গ সনাতন　ঘ প্রতীকধর্মী

৫. ★ সম্মোহনী নেতৃত্বের অন্য নাম কী?
ক রাজনৈতিক নেতৃত্ব
খ এলিট নেতৃত্ব
গ জাদুকরী নেতৃত্ব
ঘ সনাতন নেতৃত্ব

৬. দুষ্টের দমন আর শিষ্টের পালন করা কোন বিভাগের কাজ?
ক শাসন বিভাগের
খ বিচার বিভাগের
গ আইন বিভাগের
ঘ প্রতিরক্ষা বিভাগের

৭. কোন দেশের বিরোধীদলকে রাজা ও রানির বিরোধী দল বলা হয়?
ক বাংলাদেশের　খ চীনের
গ ইংল্যান্ডের　ঘ ইন্দোনেশিয়ার

৮. যে রাষ্ট্রে চরম ক্ষমতা রাজা বা রানির হাতে ন্যস্ত থাকে তাকে বলে—
ক অভিজাততন্ত্র　খ গণতন্ত্র
গ রাজতন্ত্র　ঘ জনতাতন্ত্র

৯. এক জাতি, এক দেশ, এক নেতা কোন সরকারের আদর্শ?
ক গণতন্ত্র　খ রাজতন্ত্র
গ সমাজতন্ত্র　ঘ একনায়কতন্ত্র

১০. ★ নিচের কোনটি শাসন বিভাগের কাজ?
ক আইন প্রণয়ন ও সংশোধন
খ সংবিধান প্রণয়ন
গ সংবিধান সংশোধন
ঘ অধ্যাদেশ জারি

১১. বিচার বিভাগের স্বাধীনতা বলতে কী বোঝায়?
ক বিচারকদের নিরপেক্ষতা
খ বিচারকদের দক্ষতা
গ বিচারকদের মর্যাদা
ঘ বিচারকদের পর্যাপ্ত বেতন ভাতা

১২. কে সরকারের কার্যাবলিকে তিন ভাগে বিভক্ত করেছেন?
ক এরিস্টটল　খ গার্নার
গ উইলোবী　ঘ লর্ড অ্যাক্টন

১৩. বাংলাদেশ সরকারের নির্বাহী প্রধান কে?
ক স্বরাষ্ট্রমন্ত্রী　খ পররাষ্ট্রমন্ত্রী
গ প্রধানমন্ত্রী　ঘ রাষ্ট্রপতি

১৪. সার্বভৌম ক্ষমতার অবস্থানের ভিত্তিতে সরকার দুই রকম হয়ে থাকে—
ক নিয়মতান্ত্রিক রাজতন্ত্র ও প্রজাতন্ত্র
খ সংসদীয় ও রাষ্ট্রপতি
গ গণতন্ত্র ও একনায়কতন্ত্র
ঘ এককেন্দ্রিক ও যুক্তরাষ্ট্রীয়

১৫. ★ গণতন্ত্র শব্দটির অর্থ কী?
ক জনগণের শাসন
খ জনগণের সম্পত্তি
গ জনগণের মত
ঘ জনগণের গান

১৬. গণতন্ত্রের বিপরীতধর্মী সরকার কোনটি?
ক রাজতন্ত্র　খ একনায়কতন্ত্র
গ প্রজাতন্ত্র　ঘ ধনিকতন্ত্র

১৭. গণতন্ত্রের সবচেয়ে গ্রহণযোগ্য সংজ্ঞা দিয়েছেন কে?
ক লর্ড ব্রাইস　খ আব্রাহাম লিঙ্কন
গ উড্রো উইলসন　ঘ হারমান ফাইনার

Teachingbd24.com

১৮. "একটি নির্দিষ্ট সময়ে জনগণ যে মতামত পোষণ করে, তাই জনমত" এটি কার উক্তি?
ⓚ অধ্যপক লাসওয়েল
ⓛ লর্ড ব্রাইস
ⓜ কিম্বল ইয়ং
ⓝ জন স্টুয়ার্ট মিল

১৯. ★ কোনটি জনমতের প্রাথমিক মাধ্যম?
ⓚ স্কুল ⓛ পরিবার
ⓜ ধর্মীয় প্রতিষ্ঠান ⓝ রেডিও

২০. রাজনৈতিক সংস্কৃতি বলতে কী বোঝায়?
ⓚ গণতন্ত্র, জনমত ও মানবাধিকার
ⓛ বিশ্বাস, মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি
ⓜ রাজনৈতিক দল ও চাপসৃষ্টিকারী গোষ্ঠী
ⓝ সচেতনতা ও সামাজিক চেতনা

২১. কোনটি জনমত গঠনের মাধ্যম নয়?
ⓚ চাপসৃষ্টিকারী গোষ্ঠী
ⓛ সংবাদপত্র
ⓜ শিক্ষাপ্রতিষ্ঠান
ⓝ সামরিক বাহিনী

২২. গণতন্ত্র কত প্রকার?
ⓚ দুই ⓛ তিন
ⓜ চার ⓝ পাঁচ

২৩. আমলাতন্ত্রের ইংরেজি প্রতিশব্দ কী?
ⓚ Mobocracy ⓛ Bureaucracy
ⓜ Bureaucraty ⓝ Bureaucrat

২৪. সরকারের সিদ্ধান্ত ও নীতি বাস্তবায়ন করে কে?
ⓚ আমলা প্রশাসকগণ
ⓛ রাষ্ট্রপ্রধান
ⓜ প্রধানমন্ত্রী
ⓝ পরিকল্পনামন্ত্রী

২৫. ★ কর্মকর্তা কর্মচারীগণ কার নিকট জবাবদিহি করতে বাধ্য?
ⓚ জনগণের নিকট
ⓛ ঊর্ধ্বতন কর্মকর্তার নিকট
ⓜ প্রধানমন্ত্রীর নিকট
ⓝ মন্ত্রীদের নিকট

২৬. আমলাতান্ত্রিক প্রশাসনে নিয়োগ প্রদান করা হয় কিসের ভিত্তিতে?
ⓚ স্বজনপ্রীতির ভিত্তিতে
ⓛ দৈহিক শক্তির ভিত্তিতে
ⓜ দলীয়করণের ভিত্তিতে
ⓝ মেধার ভিত্তিতে

২৭. ১৯৪৭ সালে ধর্মীয় জাতীয়তার ভিত্তিতে বিভক্ত হয়—
i. বাংলাদেশ
ii. ভারত
iii. পাকিস্তান
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২৮. নিজেদেরকে স্বতন্ত্র জাতি হিসেবে চিন্তা করে যখন একই—
i. আচার-আচরণ গড়ে ওঠে
ii. ঐতিহ্য গড়ে ওঠে
iii. ধর্মীয় চেতনা, মূল্যবোধ গড়ে ওঠে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২৯. ★ জাতীয়তা নির্ধারণের প্রধান হাতিয়ার-
i. অভিন্ন রাজনৈতিক আশা আকাঙ্ক্ষা, ভৌগোলিক অবস্থান
ii. রাষ্ট্রীয় পরিচয়
iii. রাজনৈতিক সচেতনতা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

৩০. নাগরিকদেরকে সুনাগরিকে পরিণত করে—
i. দেশপ্রেম
ii. জাতীয়তাবোধ
iii. আইনের শাসন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ই | ২ | ই | ৩ | গ | ৪ | খ | ৫ | গ | ৬ | খ | ৭ | গ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | ক | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | ক |
| | ১৬ | ই | ১৭ | ই | ১৮ | গ | ১৯ | খ | ২০ | খ | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | ক |

https://teachingbd24.com